



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

সরকারি বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউশন(পাইলট)

বানারীপাড়া, বরিশাল।

Established :1889
Govt. :2018
EIN : 100606
School Code : 1900

E-mail: banariparaunion@gmail.com

স্মারক নং-সবামইই/বানারী/২০২১/০৪

তারিখঃ ১৮/০৩/২০২১

নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০১.৩২.০০১.২০২০-৪৫৬৩/৬. তারিখ- ২৫/০২/২০২১ খ্রি. এর অফিস আদেশ মোতাবেক সরকারি বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউশন(পাইলট) এর উত্তর পার্শ্বস্থ জরাজীর্ণ পুরাতন দ্বিভল প্রশাসনিক ভবন নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী প্রার্থী/প্রতিষ্ঠানকে ০৬/০৪/২০২১ তারিখ রোজ-মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার বানারীপাড়া, বরিশাল মহোদয়েরসভাকক্ষে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | সরকারি মূল্য | মন্তব্য |
|-----------|---|--------------|---------------|
| ০১ | বিদ্যালয়ের উত্তর পার্শ্বস্থ জরাজীর্ণ পুরাতন দ্বিভল প্রশাসনিক ভবন | ৪,১৫,৬৮১.০০ | ০১ (এক) টি লট |

শর্তাবলীঃ

- (১) নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিলাম ডাকের পূর্বে বিদ্যালয়ের মালামাল সম্পর্কে নিশ্চিত হয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- (২) নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অগ্রিম ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা জামানত হিসাবে জমা দিতে হবে। নিলাম ডাক শেষ হওয়ার পর সর্বোচ্চ ডাকধারী ব্যতীত অন্যান্য সকলের জামানত ফেরত নিতে পারবেন।
- (৩) নির্ধারিত তারিখ বেলা ১১.০০ ঘটিকায় শুরু হয়ে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নাম,ঠিকানা ডি সীট (ভালিকা) ভুক্ত করতে হবে।
- (৪) নিলাম শেষ হওয়ার পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর অনুমতি সাপেক্ষে বিধি মোতাবেক সর্বোচ্চ ডাকধারী ভবনের মূল্য, ভ্যাট (১৫%), আয়কর (৩%) প্রযোজ্য হারে ফি-সহ নিলাম ডাকে সমুদয় টাকা তিন কর্মদিবসের মধ্যে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে নিলাম ডাকধারী কর্তৃপক্ষের নিকট তার কপি জমা দিবেন। উক্ত টাকা জমা দেওয়ার পরে কার্যাদেশ প্রদান করা হবে। নিলাম মূল্য বর্ধাসময় পরিশোধে ব্যর্থ হলে এবং মালামাল অপসারণ না করলে জামানতকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।
- (৫) সর্বোচ্চ ডাকধারীর নিলামের মালামাল অপসারণের অনুমতি প্রদানের তারিখ হতে কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে নিজ খরচে সমস্ত মালামাল অপসারণ করতে হবে।
- (৬) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানোর নোটিশ ব্যতিরেকে নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।



কৃষ্ণ কান্ত হাওলাদার

প্রধান শিক্ষক
সরকারি বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউশন(পাইলট)

বানারীপাড়া, বরিশাল।

ও

সদস্য সচিব


কৃষ্ণ কান্ত হাওলাদার
প্রধান শিক্ষক
সরকারি বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউশন (পাইলট)
বানারীপাড়া, বরিশাল।